

পশ্চিম বঙ্গ শিক্ষা অধিকার
বিকাশ ভবন, বিধান নগর
কলকাতা ৭০০০৯১

সারক সংখ্যা - ইডি- ৮০/২০১২

তাং ১০/২/২০১২

বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১২
৩৪২-তথ্য তাং ৭/২/২০১২

সমীপে: অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
রাজ্যের সকল মহাবিদ্যালয়

মহাশয়/মহাশয়া,

পশ্চিম বঙ্গ সরকার আগামী ২১ ফেব্রুয়ারি ২০১২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের সিদ্ধান্ত নিয়েছেন।

শিক্ষা অধিকারের পক্ষে নিম্নসাক্ষরকারী উক্ত ব্যাপারে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছেন। ঐদিন নিজ নিজ প্রতিষ্ঠানে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মরণে বক্তৃতা, আলোচনাসভা, বিতর্ক ইত্যাদি আয়োজন করতে আপনাদের অনুরোধ করা হচ্ছে। ঐ সভায় শিক্ষক, শিক্ষিকা, শিক্ষাকর্মী ছাড়া অভিভাবক, বুদ্ধিজীবী এবং স্থানীয় জন প্রতিনিধিদের বক্তব্য রাখার জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে।

এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিতে বিশেষ অনুরোধ জানাই।

ভবদীয়া

মণিমালা দাস
শিক্ষা অধিকর্তার পক্ষে